



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-১৮/০১/২০২২খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের কোতয়ালী থানা পুলিশ কর্তৃক গত ১০ দিনে মোটসাইকেল চোর,
ছিনতাইকারীসহ ৪৯ জন আসামী গ্রেফতার



গত ০৬/০১/২২খ্রিঃ রংপুর মেট্রোপলিটন অপরাধ বিভাগের উপ-পুলিশ কমিশনার জনাব মোঃ আবু মারুফ হোসেন এর নির্দেশে কোতয়ালী থানার সকল প্রকার মূল্যবান চুরি, চাঁদাবাজী ও ছিনতাই সংক্রান্ত মামলার এজাহারনামীয় ও সন্দিহ্ন আসামী গ্রেফতার এবং চোরাই মালামাল উদ্ধারের লক্ষ্যে গত ০৭/০১/২০২২ খ্রি. থেকে উক্ত থানা এলাকায় কোতয়ালী থানা পুলিশ কর্তৃক অভিযান পরিচালনা হয়।

এ প্রেক্ষিতে কোতয়ালী থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) জনাব মোঃ হোসেন আলী এর নেতৃত্বে এসআই/নিঃ মোঃ এরশাদ আলী, এসআই/নিঃ মোঃ মনোয়ার হোসেন, এসআই/নিঃ মোঃ মাহমুদুল হাসান, এএসআই/নিঃ মোঃ মুনমুন হোসাইন এবং সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ গত ০৭-০১-২০২২ খ্রি. থেকে ১৮-০১-২০২২ খ্রি. পর্যন্ত কোতয়ালী থানা এলাকার সংঘবদ্ধ চোর ছিনতাইকারী ও চাঁদাবাজদের গ্রেফতার ও চোরাই মালামাল উদ্ধারের লক্ষ্যে অভিযান পরিচালনা করে ০৫ টি মোটরসাইকেল, ০৮টি বাইসাইকেল, ০৪ টি দেশীয় ধারালো অস্ত্র উদ্ধারসহ ৪৯ জন আসামীকে গ্রেফতার করে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়।

উল্লেখ্য যে, রংপুর মহানগরী এলাকার সকল ধরনের অপরাধ নিয়ন্ত্রণে রংপুর মেট্রোপলিটন পুলিশের অভিযান অব্যাহত থাকবে।

যে কোন অপরাধ দমনে তথ্য দিন বা যোগাযোগ কারণ-
অতিরিক্ত উপ পুলিশ কমিশনার (ডিবি)- ০১৩২০-০৭৩৬৬১।

১৮.০১.২০২২

(মোঃ সাজ্জাদ হোসেন)
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার
(ডিবি এন্ড মিডিয়া)
পক্ষে/পুলিশ কমিশনার
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর
মোবাইল-০১৩২০-০৭৩৬৬১